



নিয়োগ বিজ্ঞপ্তি

পূবালী ব্যাংক পিএলসি টেকনিশিয়ান পদমর্যাদায় ইলেক্ট্রিশিয়ান পদে নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তপূরণ সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করছেঃ

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল
টেকনিশিয়ান (ইলেক্ট্রিশিয়ান)	০১ (এক) টি	১.এস.এস.সি. অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২.যে কোন টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউট/ সেন্টার থেকে জেনারেল ইলেক্ট্রিশিয়ান ট্রেডে ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট পাস। ৩.যে কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে ইলেক্ট্রিক্যাল এবং সাব-স্টেশন সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতাসহ বহুতল ভবনের ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং এর পাশাপাশি ইলেক্ট্রিক্যাল ড্রাফট নির্ণয় এবং মেরামতের ধারণা থাকতে হবে।	৳ ১৩,৭৫০-৳৮০০- বেতন স্কেলে অন্যান্য প্রদেয় সুবিধাদি সহ প্রারম্ভিক মোট বেতন ৳ ৩৩,৯৮৮/-

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- বয়সঃ ৩০-১১-২০২৪ তারিখে অনূর্ধ্ব ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- নির্বাচিত প্রার্থীকে ০১ (এক) বছরের জন্য টেকনিশিয়ান পদমর্যাদায় ইলেক্ট্রিশিয়ান পদে সাময়িকভাবে নিয়োগ প্রদান করা হবে এবং ০১ (এক) বছর সম্ভোষজনক চাকুরী করার পরে বিধি অনুযায়ী তাদের ব্যাংকের নিয়মিত চাকুরীতে স্থায়ী করা হবে।

আবেদনকারীর জীবন বৃত্তান্তে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবেঃ

(১) নাম (এস.এস.সি. অথবা সমমানের সনদপত্র অনুযায়ী), (২) পিতার নাম, (৩) মাতার নাম, (৪) বর্তমান ঠিকানা, (৫) স্থায়ী ঠিকানা, (৬) নিজ জেলা, (৭) জন্ম তারিখ, (৮) বয়স (৩০-১১-২০২৪ তারিখে), (৯) জাতীয় পরিচয়পত্র নম্বর, (১০) মোবাইল ফোন নম্বর, (১১) শিক্ষাগত যোগ্যতার বিবরণ, (১২) জেনারেল ইলেক্ট্রিশিয়ান ট্রেডে প্রশিক্ষণের বিবরণ, (১৩) ইলেক্ট্রিশিয়ান পদে কাজের অভিজ্ঞতার বিবরণ, (১৪) অন্যান্য যোগ্যতা এবং অভিজ্ঞতা (যদি থাকে), (১৫) প্রার্থীর আত্মীয় নয় এমন ০২ (দুই) জন সম্মানিত পরিচিত ব্যক্তির নাম ও ঠিকানা।

আগ্রহী প্রার্থীগণকে জীবন বৃত্তান্ত, সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতার সনদপত্রসমূহের সত্যায়িত কপিসহ আবেদন করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

সাধারণ শর্তসমূহঃ

- আবেদনপত্রের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- কেবল সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের নির্বাচনের জন্য ডাকা হবে।
- আবেদনপত্রে যেকোন ধরনের ভুল তথ্য প্রদান করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।
- অভিজ্ঞতার সনদপত্র, পরীক্ষার সনদপত্র অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত অন্যান্য সনদপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে যাচাই করা হবে এবং পরবর্তীতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে নিয়মানুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- নির্বাচিত প্রার্থীকে ব্যাংকের যে কোন শাখা/ অফিসে চাকুরী করার মানসিকতা থাকতে হবে।

আবেদনপত্র মহাব্যবস্থাপক, পূবালী ব্যাংক পিএলসি, মানব সম্পদ বিভাগ (৫ম তলা), প্রধান কার্যালয়, ২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবর ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

স্বা/-

(মহাব্যবস্থাপক)

মানব সম্পদ বিভাগ

প্রধান কার্যালয়, ঢাকা

